

# 🔳 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩:১১

## **া** আরবি মূল আয়াত:

# مَا كَذَبَ الفُوَّادُ مَا رَأَى ﴿١١﴾

#### 🗚 অনুবাদসমূহ:

সে যা দেখেছে, অন্তকরণ সে সম্পর্কে মিথ্যা বলেনি। — আল-বায়ান (নবীর) অন্তঃকরণ মিথ্যে মনে করেনি যা সে দেখে ছিল। — তাইসিরুল যা সে দেখেছে তার অন্তকরণ তা অস্বীকার করেনি। — মুজিবুর রহমান

The heart did not lie [about] what it saw. — Sahih International

### ১১. যা তিনি দেখেছেন, তার অন্তঃকরণ তা মিথ্যা বলেনি(১);

(১) نؤاد শব্দের অর্থ অন্তঃকরণ। উদ্দেশ্য এই যে, চক্ষু যা কিছু দেখেছে, অন্তঃকরণও তা যথাযথ উপলব্ধি করতে কোন ভুল করেনি। (امَا رَأَى ) শব্দের অর্থ যা কিছু দেখেছে। এখানে উদ্দেশ্য তিনি জিবরীল আলাইহিস সালাম-কে আসল আকৃতিতে দেখেছেন। [মুয়াস্সার, কুরতুবী]

এ আয়াতে نؤاد বা অন্তঃকরণকে উপলব্ধি করার কর্তা করা হয়েছে। অথচ অনেকের মতে উপলব্ধি করা বোধশক্তি বা عقل এর কাজ। [আততাহরীর ওয়াত তানওয়ীর] এই প্রশ্নের জওয়াব এই যে, পবিত্র কুরআনের অনেক আয়াত দ্বারা জানা যায় যে, উপলব্ধির আসল কেন্দ্র অন্তঃকরণ। তাই কখনও বোধশক্তিকেও 'কলব' (অন্তঃকরণ) শব্দ দ্বারা ব্যক্ত করে দেয়া হয়; যেমন (لِمَن كَانَ لَهُ قَلْبُ لَا يَفْقَهُونَ بِهَا) ইত্যাদি আয়াত এর পক্ষে সাক্ষ্য দেয়।

তাফসীরে জাকারিয়া

# (১১) যা সে দেখেছে তার হৃদয় তা অস্বীকার করেনি। [1]

[1] অর্থাৎ, নবী করীম (সাঃ) জিবরীল (আঃ)-কে তাঁর আসল আকৃতিতে দেখেন যে, তাঁর ছয়শত ডানা রয়েছে। তাঁর প্রসারিত ডানা পূর্ব ও পশ্চিমের (আকাশ ও পৃথিবীর) মধ্যবর্তী স্থানকে ঘিরে রেখেছিল। এ দর্শনকে নবী করীম (সাঃ)-এর অন্তর মিথ্যা মনে করেনি। বরং আল্লাহর এই বিশাল ক্ষমতাকে স্বীকার করে নিয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4795

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন